চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক দূর্নীতি বিরোধী দিবস উদযাপন

উন্নয়ন, শান্তি ও নিরাপত্তার লক্ষ্যে দুর্নীতির বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক দূর্নীতিবিরোধী দিবস-২০২৩ উদযাপন করা হয়েছে।

আজ শনিবার সকাল ৮ টা ৪৫ মিনিটে জাতীয় পতাকার সংগীত পরিবেশন ও দুদক পতাকা উত্তোলন ফেস্টুন ব্যানার উড্ডয়নের মধ্যে দিয়ে দিবসটির শুভ উদ্বোধন করেন সভার প্রধান অতিথি চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা । এরপর দিবসটি নিয়ে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের সম্মুখীনে মানববন্ধন করা হয়।

পরে এ দিবসটি উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় জেলা প্রশাসকের সন্মেলন কক্ষে। সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান। এসময় দিবসটি আয়োজন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়।



সভায় শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোওয়াত করেন, চুয়াডাঙ্গা ডিসি কোর্ট মসজিদের পেশ ইমাম ক্বারী কবির আহমেদ ও পবিত্র গীতা থেকে পাঠ করেন বাবু সুনিল মল্লিক। এরপর স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা দুর্নীতি দমন কমিশনার বজলুর রহমান।

এরপর জেলায় সরকারি দপ্তরসহ অন্যান্য দপ্তরের দুর্নীতি কি ভাবে কমানো যায় তা নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় দুর্নীতির বিরুদ্ধে

[redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (XX) [redacted] [redacted] [redacted] [redacted]

চুয়াডাঙ্গায় দুই থানার ওসিকে বদলী জনিত বিদায় সংবর্ধনা

চুয়াডাঙ্গা জেলা পুলিশ হতে বদলী জনিত বিদায়ী দুই অফিসার ইনচার্জকে আনুষ্ঠানিক বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে।

আজ শুক্রবার এগারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা দুই থানার অফিসার ইনচার্জকে আনুষ্ঠানিক ভাবে বিদায় সংবর্ধনা প্রদান করেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশে কর্মরত পুলিশ পরিদর্শক(নিঃ) চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান ও আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ পুলিশ পরিদর্শক(নিঃ) বিপ্লব কুমার নাথ। সম্প্রতি চুয়াডাঙ্গা জেলা হতে চুয়াডাঙ্গা থানার অফিসার ইনচার্জ ঝিনাইদহ জেলা পুলিশের মহেষপুর থানা অফিসার ইনচার্জ এবং আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ হতে নড়াইলের নড়াগাতি থানার অফিসার ইনচার্জ হিসেবে বদলির আদেশপ্রাপ্ত হন।

উক্ত আয়োজনে আরও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) নাজিম উদ্দীন আল-আজাদ পিপিএম- সেবা, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফখরুল আলম খান, টিআই প্রশাসন ওলিউজ্জামানসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারগণ।

জীবননগরে টানা তিনদিনের বৃষ্ঠিতে ফসলের ক্ষতির আশঙ্কা

জীবননগর উপজেলায় টানা তিনদিনের বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। ফসলী জমিতে পানি জমে গেছে। এতে ফসলের ক্ষতির আশঙ্কায় রয়েছেন প্রান্তিক চাষীরা।গত বুধবার সন্ধা থেকে বিরতিহীন বৃষ্টি

হওয়ায় এ ক্ষতির আশস্কা করছেন ।

জীবননগর উপজেলা কৃষি অফিস সুত্রে জানা গেছে, গত বুধবার থেকে অনবরত বৃষ্টি হওয়ার কারণে আলু ফসলের ব্যাপক ক্ষতি হবে।

আজ শুক্রবার সকালে সরজমিনে দেখা যায়, উপজেলার হাসাদহ ইউনিয়নের বৈদ্যানাথপুর, বাকা ইউনিয়নের মিনহাজপুরসহ ৮টি ইউনিয়নে তিন দিনের অনবরত বৃষ্টির কারণে আলু ফসলের খেতে প্রচুর পানি জমে গেছে। ফসলের মাঠগুলোতে আলু, সরিষা, বোরো ধানের বীজতলা, পেয়াজ,ভুট্টাসহ শীতকালীন তরকারি রয়েছে।

হাসাদহ ইউনিয়নের বৈদ্যানাথপুর গ্রামের কৃষক জসিম উদ্দিন জানান, ৫ জমিতে তিনি আলু চাষ করেছেন। বুধবার থেকে বৃষ্টি শুরু হওয়ায় জমিতে হাটু পানি বেধে থাকায় সব শেষ হয়ে যাবে মনে হচ্ছে।

বাকা ইউনিয়নের কৃষক নিজাম হোসেন জানান, চলতি বছরে ২ একর জমিতে আলু,পেয়াজ চাষাবাদ করেছি। সার-ঔষধের দাম হওয়ায় খরচ হয়েছে ব্যাপক। তিন দিনের টানা বৃষ্টিতে ক্ষেতে পানি জমে গেছে। পেয়াজ বীজ ও আলু বীজ পচে যাওয়ার সম্ভবনা রয়েছে । আমাদের অনেক ক্ষতি হয়েছে। বিভিন্ন জনের কাছ থেকে ধারদেনা করে চাষাবাদ করেছি।

সীমান্ত ইউনিয়নের গঙ্গাদাশপুর গ্রামের প্রান্তিক কৃষক রনি আহম্মেদ বলেন,ধান চাষের জন্য বীজতলা ছিল তিন দিনের পানিতে বীজতলা পানির নিচে পানি ছেকে দেওয়া হয়েছে এখন কি যে হবে সেটাই দেখার বিষয় বীজতলা নষ্ঠ হলে চাষে লোকসান গুনতে হবে। করা। লাল শাক বাজারজাত হওয়ার আগেই বৃষ্টির পানিতে পচে গেছে।

জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মনিরুজ্জামানের সাথে কথা বলার জন্য চেষ্ঠা করা হলে ফোনটি রিসিপ না করায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।তবে হাসাদহ ইউনিয়নের উপ-সহকারী কৃষি কমকতা মোঃ শিমুল হোসেন জানান, বৈদ্যানাথ পুর ব্লকে ২১০ হেক্টর জমিতে আলু চাষ হচ্ছে।টানা তিন দিন বৃষ্টি হচ্ছে। বিভিন্ন এলাকায় ক্ষেতে পানি জমে গেছে। আমরা সার্বক্ষণিক মনিটরিং করছি এবং কৃষকদের খোঁজ খবর নিচ্ছি। বিশেষ করে আলু চাষে কিছুটা ক্ষতি সম্ভবনা রয়েছে ।

চুয়াডাঙ্গায় ১৫ মিলিমিটার বৃষ্টি, বাড়তে পারে শীত

ঘূর্ণিঝড় মিগজাউমের প্রভাবে চুয়াডাঙ্গায় বুধবার রাত থেকে মাঝারি বৃষ্টিপাত শুরু হয়েছে। গতকাল বৃহস্পতিবারও এ বৃষ্টিপাত অব্যাহত রয়েছে। আজ শুক্রবার আকাশ আংশিক মেঘলা থাকতে পারে কিন্তু বৃষ্টির সম্ভাবনা খুবই কম। এদিকে বৃষ্টিপাতের ফলে বিপাকে পড়েছে খেটে খাওয়া সাধারণ মানুষ।

চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া পর্যবেক্ষণাগার এসব তথ্য নিশ্চিত করেছেন। তবে পূর্বাবাস অনুযায়ী আগামী শনিবার আবহাওয়া ভালো থাকতে পারে। আবহাওয়া পর্যবেক্ষণাগারের সিনিয়র পর্যবেক্ষক রকিবুল হাসান জানান, গত ২৪ ঘণ্টায় ৭ ডিসেম্বর সকাল ৯টা পর্যন্ত চুয়াডাঙ্গায় ১৫.৬ মিলিমিটার বৃষ্টিরপাত রেকর্ড করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ৯টায় চুয়াডাঙ্গায় সর্বনিম্ন তাপমাত্রা ১৯.০ ডিগ্রি সেলসিয়াস। ঘূর্ণিঝড় মিগজাউমের প্রভাবে এ ধরনের আবহাওয়া বিরাজ করছে।

তিনি আরো জানান, শনিবার (৯ ডিসেম্বর) অবশ্য বৃষ্টি কমে আসবে। বৃষ্টির কারণে খানিকটা শীত অনুভূত হতে পারে। বৃষ্টি চলে যাওয়ার পর দুদিন বাতাসে অনেকটা আর্দ্রতা থাকবে। তাই তাপমাত্রা তেমন কমবে না। তবে দুদিনের মধ্যে আর্দ্রতা হ্রাস পেলে সোমবার থেকে শীত কিছুটা বাড়তে পারে।

আলমডাঙ্গায় মানসিক ভারসাম্যহীন যুবতী নিখোঁজ

আলমডাঙ্গায় খালাতো বোনের বাড়িতে বেড়া গিয়ে ঝর্ণা খাতুন (১৬) নামে এক মানসিক ভারসাম্যহীন যুবতী নিখোঁজ হয়েছে।

গত ১৫ দিন পূর্বে সে উপজেলার কুমারী ইউনিয়নের দেঘলডাঙ্গা গ্রামে

খালাতো বোনের বাড়িতে বেড়াতে যান। তার বোনের বাসা থেকে সকলের অজান্তে বের হওয়ার পর থেকে সে নিখোঁজ হয়। পরে বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করে না পেয়ে ২২ নভেম্বর তার পিতা শহিদুল ইসলাম বাদী হয়ে আলমডাঙ্গা থানায় একটি সাধারণ ডায়েরী করেন।

যুবতীর পড়নে ছিল সালোয়ার কামিজ ও সুতি ফোটা যুক্ত ওড়না। গায়ের রং ফর্সা লম্বা, চামড়ার রং ফর্সা । ৪ ফুট ৬ ইঞ্চি এবং ৪০/৪৫ কেজি ওজন হবে। এবিষয়ে মানবিক বিবেচনায় ভারসাম্যহীন রোগীকে খুঁজে পেতে সকলের সহযোগিতা কামনা করেছেন ঝর্ণার পিতা শহিদুল ইসলাম।

দর্শনা পৌরসভায় বিজয় দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

মহান বিজয় দিবস১৬ ই ডিসেম্বর পালনের লক্ষে দর্শনা পৌরসভায় প্রস্তুতি মৃলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা পৌরসভার হল রুমে অনুষ্টিত প্রস্তুতি সভার সভাপতিত্ব করেন, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু।

অনুষ্টানে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারী কলেজের সাবেক উপধাক্ষ্য মোশারফ হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের প্রভাষক আশরাফুল আলম, দর্শনা থানার ওসি তদন্ত নিরব হোসেন, বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলী মাষ্টার, বীর মুক্তিযুদ্ধা মহাসিন আলী।

দর্শনা পৌর প্যালেন মেয়র রবিউল হক সুমনের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান,দর্শনা গনউন্নয়ন গ্রন্থগারের পরিচালক আবু সুফিয়ান,পৃর্ব রামনগরের প্রধান শিক্ষক হারুন অর রশিদ,দর্শনা পৌরসভার কর্মকর্তা কর্মচারী বৃন্দ প্রমুখ।

[redacted]

[redacted]

আলমডাঙ্গার রামদিয়ায় জাল দলিলে প্রতারণার অভিযোগ

আলমডাঙ্গা উপজেলার রামদিয়া গ্রামে জাল দলিলে জমি রেজিস্ট্রি করে প্রতারণাসহ মিথ্যে মামলার হয়রানীর অভিযোগ উঠেছে। এছাড়া জোরপূর্বক ওই জমিতে থাকা ২ লাখ ৫৮ হাজার টাকার গাছ কেটে নিয়েছে। গাছ কাটা বাঁধা দেওয়া মিথ্যে মামলায় জড়ানো হয়েছে ভুক্তভোগী জমির মালিক আব্দুল জব্বার আলোক সহ তার ভাই ও স্ত্রী এবং ছেলে। ওই জমিতে কর্মরত প্রতিবেশি শ্রমিক ও তার স্ত্রী এবং মাদ্রাসা পড়ুয়া ছেলের বিরুদ্ধেও মিথ্যে মামলা দেওয়া হয়েছে।

জানাগেছে, উপজেলার খাসকররা ইউনিয়নের রামদিয়া গ্রামের মৃত আব্দুর বারীর ছেলে আব্দুল জব্বার আলোক তিনি গত ২০০৫ সালে ডা. সাহিদা খাতুনের নিকট থেকে তার পৈত্রিক বন্টনকৃত ৪২ শতক জমি ক্রয় করেন। আলোক প্রবাসে থাকায় তিনি ওই ক্রয়কৃত জমি নাম জারি করতে পারেনি। এসুযোগে প্রতিবেশী মৃত কামরুজ্জামানের ছেলে ইমরান হোসেন সে ২০১৯ সালে ডা. সহিদার বোন শরিফা রশিদকে ভুল বুঝিয়ে ৮ শতক জমির জাল দলিল করেন। প্রথম ক্রয়কৃত জমির মালিক আলোক তার জমি দখল নিতে গেলে তাদের হুমকি-ধামকি দেয় ইমরান ।

এরই একপর্যায়ে চুয়াডাঙ্গা জুডিশিয়াল আমলী দেওয়ানী আদালতে মামলা করেন। দীর্ঘ ২ বছর মামলা চলার পর কোর্ট আলোকের পক্ষে রায় দেন। এছাড়া ইমরানের জমির দলিল জাল (ভুয়া) বলে গণ্য করেন। এর আগে ইমরান জোরপূর্বক ওই জমিতে থাকা প্রায় ২ লাখ ৫৮ হাজার টাকার মূল্যের গাছ কেটে নেয়। গাছ কাটা বাধা দেওয়ায় তাদের দেশীয় অস্ত্রের মাধ্যমে হত্যার হুমকিও দেয় ইমরান গং।

গত কয়েক মাস পূর্বে শ্রমিক নিয়ে তার নিজ জমিতে আগাছা ও বেড়া নির্মাণের চেষ্টা করলে আলোক তার ছেলে আবু বক্কর সিদ্দিক আসিফ, স্ত্রী ডালিয়া খাতুন। এছাড়াও তার জমিতে কর্মরত প্রতিবেশী শ্রমিক তাইজাল, তার স্ত্রী রবুজা, ছেলে সোহাগের বিরুদ্ধে মিথ্যে মামলা দায়ের করেন। এতে তারা হয়রানীর সম্মূখিন হচ্ছে।

এবিষয়ে ভুক্তভোগী আব্দুল জব্বার আলোক জানান, ক্রয়কৃত জমি দখল দিতে দিচ্ছে না ইমরান। সে ক্ষমতার জোর দেখিয়ে মিথ্যে হয়রানী শিকার করছে। এছাড়া শ্রমিকদেরও মিথ্যে মামলার পাশাপাশি প্রাণনাশের

হুমকি দিচ্ছে।

অভিযুক্ত ইমরান হোসেন জানান, গত ২০১৯ সালে শরিফা রশিদের নিকট থেকে ৮ শতক জমি কিনেছি। আদালতে মামলা চলছে।

চুয়াডাঙ্গা মুক্ত দিবস আজ

আজ ৭ ডিসেম্বর চুয়াডাঙ্গা মুক্ত দিবস। ১৯৭১ সালের এই দিনে পাক হানাদার বাহিনীকে হটিয়ে চুয়াডাঙ্গা জেলাকে শত্রুমুক্ত করে বাংলার দামাল ছেলেরা। সেদিন থেকেই চুয়াডাঙ্গার আকাশে উড়ে বিজয়ের কেতন।

১৯৭১ সালের ৭ ডিসেম্বর পাক হানাদার বাহিনীকে পরাজিত করে চুয়াডাঙ্গা শত্রুমুক্ত করেন বাংলার মুক্তিসেনারা। এদিন মুক্তিযোদ্ধা ও ভারতীয় মিত্র বাহিনীর তুমুল প্রতিরোধের মুখে পাকহানাদার বাহিনী এক রক্তক্ষয়ী যুদ্ধের পর চুয়াডাঙ্গা ছেড়ে পার্শ্ববর্তী কুষ্টিয়া ও ঝিনাইদহ জেলা অভিমুখে পালিয়ে যায়। হানাদার মুক্ত হয় চুয়াডাঙ্গা।

দেশ স্বাধীনের পর থেকে এই দিনটিকে স্থানীয়ভাবে মুক্ত দিবস হিসেবে পালন করা হয়।

দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা আওয়ামী লীগ দিনব্যাপী নানা কর্মসূচি গ্রহণ করেছে।

১৯৭১ সালের ২৫ মার্চের কালোরাতে হানাদার বাহিনীর নির্বিচারে হত্যাযজ্ঞের পরই চুয়াডাঙ্গার হাজার হাজার মুক্তিপাগল দামাল ছেলেরা দুর্বার আন্দোলন গড়ে তোলেন।